## ব্রাইটন এবং হোভ–এ শরতের COVID-19 ভ্যাক্সিন - প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন

**আপনি যদি যোগ্য হন, তাহলে এখনই আপনার শরৎকালীন COVID-19 ভ্যাক্সিন নিন - আজই একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করুন বা সাপ্তাহিক ওয়াক-ইন ভ্রাম্যমান টিকাদান কেন্দ্রগুলির একটিতে যান।**

### কে এই শরতে COVID-19 ভ্যাক্সিন নিতে পারেন?

যেহেতু শীতকালে COVID-19 সংক্রমণের সংখ্যা বাড়তে পারে, তাই সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকা লোকেদেরকে গুরুতরভাবে অসুস্থ হয়ে পড়া বা COVID-19 ধরা পড়লে তাদের হাসপাতালে যাওয়ার হাত থেকে বাঁচাতে একটি বুস্টার ভ্যাক্সিন দেওয়া হচ্ছে।

ভ্যাক্সিন দেওয়া হচ্ছে: 65 বছর বা তার বেশি বয়সী ব্যক্তি, কেয়ার হোমের বাসিন্দা বয়স্ক ব্যক্তি, চিকিৎসাগত ঝুঁকির শ্রেণীতে থাকা 6 মাস বা তার বেশি বয়সী, গর্ভবতী, পরিচর্যাকারী, রোগপ্রতিরোধ ক্ষমতার দুর্বলতা থাকা ব্যক্তিদের পরিবারের পরিচিত এবং স্বাস্থ্য ও সামাজিক পরিচর্যা কর্মীদের।

আপনার শেষ COVID-19 ভ্যাক্সিনের অন্তত 3 মাস পরে আপনার ভ্যাকসিন নেওয়া উচিত।

আপনি অসুস্থ থাকলে, সুস্থ না হওয়া পর্যন্ত আপনার ভ্যাকসিন নেওয়ার জন্য অপেক্ষা করুন। COVID-19 হওয়ার পর চার সপ্তাহ অপেক্ষা করার দরকার নেই।

### আমি কোথায় আমার শরৎকালীন COVID-19 ভ্যাক্সিন পেতে পারি?

আপনি যদি যোগ্য হন, তাহলে আপনি একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করতে পারেন:

- অনলাইনে www.nhs.uk/covid-vaccination এ
- NHS অ্যাপ https://www.nhs.uk/nhs-app/ এর মাধ্যমে
- 119 নম্বরে কল করে
- স্থানীয় বুকিং হাবে 0300 303 8060 নম্বরে কল করে

কিছু ফার্মেসিতে, সেইসাথে মাইল ওক মেডিকেল সেন্টার এবং শহরের অন্যান্য কেন্দ্রগুলিতে অ্যাপয়েন্টমেন্ট পাওয়া যায়। অ্যাপয়েন্টমেন্ট কেন্দ্রগুলি এখানে তালিকাভুক্ত করা হয়েছে: https://www.sussex.ics.nhs.uk/your-care/covid-19-vaccination/locations-of-vaccination-services/

মাইল ওক মেডিকেল সেন্টার বুক করার জন্য, 0300 303 8060 নম্বরে ফোন করুন।
ফার্মেসি এবং অন্যান্য অ্যাপয়েন্টমেন্ট-ভিত্তিক COVID-19 ভ্যাক্সিন কেন্দ্রগুলিও ওয়াক-ইন ক্লিনিকের ব্যবস্থা করতে পারে। এটি সেই দিনের জন্য যতগুলি বুক করা অ্যাপয়েন্টমেন্টের বন্দোবস্ত করা হয়েছে তার সংখ্যার উপর নির্ভর করে প্রতিদিন পরিবর্তিত হতে পারে। একটি স্থানীয় টিকাদান কেন্দ্রে আজ একটি ওয়াক-ইন ক্লিনিকের ব্যবস্থা আছে কিনা তা দেখতে এই ওয়েবসাইটটি দেখুন: https://www.sussex.ics.nhs.uk/your-care/covid-19-vaccination/walk-in-vaccination-services/

আপনি যদি আপনার উপযুক্ত সময় বা অবস্থান খুঁজে না পান তাহলে বার বার চেক করতে থাকুন যেহেতু আরও সময় এবং অবস্থানগুলি উপলব্ধ হওয়ার সাথে সাথে যোগ করা হবে।

আপনি যদি চান, তাহলে যোগ্য প্রাপ্তবয়স্করা কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়াই, অক্টোবরে সাপ্তাহিক ভ্রাম্যমান সেশনগুলির একটিতে যেতে পারেন:

- বুধবার: সকাল 10.30 টা থেকে দুপুর 2.30 টে, টেসকো সুপারস্টোর হোভ
- বৃহস্পতিবার: সকাল 10.30 টা থেকে দুপুর 2.30 টে, হোভ পলিক্লিনিকের বাইরে
- শুক্রবার: সকাল 10.30 টা থেকে দুপুর 2.30 টে, সেন্ট পিটার'স চার্চ

অন্যান্য অবস্থানগুলি সময়ে সময়ে উপলব্ধ হতে পারে এবং প্রকাশ করা হবে।

### কেউ কি আমাকে আমার COVID-19 ভ্যাক্সিন নিতে সাহায্য করতে পারেন?

হ্যাঁ, আপনার যদি আপনার COVID-19 ভ্যাক্সিন নেওয়ার ব্যাপারে কোনো উদ্বেগ থাকে বা সাহায্যের প্রয়োজন হয়, তাহলে স্থানীয় ভ্যাকসিন এনকোয়ারি টিম আপনাকে সাহায্য করতে পারে:

- একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করতে।
- এমন একটি স্থান খুঁজে পেতে যেখানে আপনি স্বাচ্ছন্দ্য বোধ করেন।
- আপনার সেখানে পৌঁছানোর জন্য বিনামূল্যে পরিবহনের ব্যবস্থা করতে।
- যেকোনো প্রশ্নের উত্তর দিয়ে বা আপনার যেকোনো উদ্বেগের বিষয়ে কথা বলে, উদাহরণস্বরূপ, সুচ, পার্শ্ব প্রতিক্রিয়া বা বাড়ি থেকে বের হওয়া সম্পর্কে।
- যেখানে উপযুক্ত, বাড়িতে সাক্ষাতের ব্যবস্থা করতে।

0300 303 8060 নম্বরে (সোমবার-শুক্রবার, সকাল 9 টা-বিকাল 5 টা) কল করুন

সাসেক্স ইন্টারপ্রেটিং সার্ভিসেস আপনাকে আপনার ভ্যাকসিন নেওয়ার বিষয়ে আরও বোঝা, আপনার অ্যাপয়েন্টমেন্ট করা, পরিবহনের বন্দোবস্ত করা বা আপনার সাথে যাওয়ার ব্যাপারে সাহায্য করতে পারে।
যদি আপনার বা আপনার পরিচিত কারো সহায়তার প্রয়োজন হয়, তাহলে তাদেরকে আপনার পছন্দের ভাষায় 01273 702005 নম্বরে একটি ভয়েসমেল মেসেজ পাঠান বা তাদের ওয়েবসাইটে একটি ফর্ম পূরণ করুন এবং তারা আপনাকে পাল্টা উত্তর দেবেন। দেখুন: www.sussexinterpreting.org.uk

আপনি আপনার শরৎকালীন COVID-19 ভ্যাক্সিন পেতে পারেন যদি আপনার বয়স 65 বছরের বেশি হয়, আপনি গর্ভবতী হন, একজন পরিচর্যাকারী হন বা চিকিৎসাগত ঝুঁকি থাকা একটি শ্রেণীতে থাকেন। আমাদের কমিউনিটি কর্মীদের স্থানীয় দল আপনাকে আপনার ভ্যাকসিন নেওয়ার বিষয়ে আরও বোঝা, আপনার অ্যাপয়েন্টমেন্ট করা, পরিবহনের বন্দোবস্ত করা বা আপনার সাথে যাওয়ার ব্যাপারে সাহায্য করতে পারে।
আলেয়া খাতুন বাংলায় কথা বলেন, এবং তার নম্বর হল 07529221253। কল করুন, অথবা একটি ভয়েস বা টেক্সট মেসেজ পাঠান এবং তিনি আপনাকে পাল্টা উত্তর দেবেন।

## বিনামূল্য পরিবহন কী?

আপনার যদি টিকাদানের কেন্দ্রে যেতে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে ভ্যাকসিন টিম আপনার জন্য একটি বিনামূল্য ট্যাক্সির বন্দোবস্ত করতে সক্ষম হতে পারে। এটি এমন ব্যক্তিদের জন্য উপলব্ধ যারা ঘরবন্দী বা যাদের টিকাদানের কেন্দ্রে যাওয়ার অন্যান্য অসুবিধা আছে।
0300 303 8060 নম্বরে (সোমবার-শুক্রবার, সকাল 9 টা-বিকাল 5 টা) কল করুন

## আমি যদি কখনোই প্রথম বা দ্বিতীয় ডোজ না পেয়ে থাকি?

আপনি যদি আগে ভ্যাক্সিন না পেয়ে থাকেন, বা আপনি যদি আগের কোনো বুস্টার মিস করে থাকেন, তাহলেও আপনি এই শরৎকালীন COVID-19 ভ্যাক্সিন নিতে পারেন – আপনার আর একটি ডোজের দরকার হবে না।

## COVID-19 ভ্যাকসিন কতটা কার্যকর?

COVID-19 ভ্যাকসিন এই শীতে COVID-19 থেকে আপনার গুরুতর অসুস্থ হয়ে পড়ার সম্ভাবনা কমিয়ে দেবে। ভ্যাকসিনটি মৃদু COVID-19 সংক্রমণের বিরুদ্ধে কিছুটা সুরক্ষাও দিতে পারে, তবে এই ধরনের সুরক্ষা বেশিদিন স্থায়ী হয় না। ভ্যাকসিন থেকে কিছু অতিরিক্ত সুরক্ষা তৈরি করতে আপনার শরীরের কয়েক দিন সময় লাগতে পারে। সমস্ত ওষুধের মতো, কোনও ভ্যাকসিন সম্পূর্ণভাবে কার্যকর নয় – কিছু ব্যক্তি তাসত্ত্বেও COVID-19 নিতে পারে, তবে যেকোনো সংক্রমণ কম গুরুতর হওয়া উচিত।

## ভ্যাকসিনগুলি কি নিরাপদ?

হ্যাঁ। ইউকে-তে ব্যবহারের জন্য অনুমোদিত সমস্ত COVID-19 ভ্যাকসিন পরীক্ষা করা হয়েছে এবং মেডিসিনস অ্যান্ড হেলথ কেয়ার প্রোডাক্টস রেগুলেটরি এজেন্সি (Medicines and Healthcare products Regulatory Agency, MHRA) দ্বারা নির্ধারিত নিরাপত্তা, গুণমান এবং কার্যকারিতার কঠোর মানদণ্ড পূরণ করেছে।

## ভ্যাকসিন থেকে কি কোনও পার্শ্ব প্রতিক্রিয়া হবে?

ভ্যাকসিনগুলি কিছু পার্শ্ব প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে, কিন্তু সকলের তা হয় না। যেকোনো পার্শ্ব প্রতিক্রিয়া সাধারণত মৃদু হয় এবং এক সপ্তাহের বেশি স্থায়ী হওয়া উচিত নয়। খুব বিরল ক্ষেত্রেই বেশি গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়া হয়।

**ভ্যাকসিন অ্যাপয়েন্টমেন্টে কী ঘটে?**

আপনাকে আপনার চিকিৎসার ইতিহাস সম্পর্কে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করা হবে এবং তারপরে আপনার বাহুর উপরিভাগে ভ্যাকসিনের একটি ইনজেকশন দেওয়া হবে।
আপনি কোন ভ্যাক্সিন নেবেন তা আপনি বেছে নিতে পারবেন না তবে যিনি ভ্যাক্সিন দেন তিনি নিশ্চিত করবেন যে এটি আপনার জন্য উপযুক্ত।
ভ্যাক্সিন দেওয়ার আগে আপনি যেকোনো প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ পাবেন এবং আপনি যদি আপনার মন পরিবর্তন করেন তাহলে আপনার ভ্যাকসিন নেওয়ার কোনো বাধ্যবাধকতা নেই।
আপনি আপনার অ্যাপয়েন্টমেন্টে কাউকে আপনার সাথে নিয়ে আসতে পারেন যদি এতে আপনি আরও বেশি স্বাচ্ছন্দ্য বোধ করেন।

আরও তথ্যের জন্য, QR কোড স্ক্যান করুন বা www.sussex.ics.nhs.uk/covid-19-vaccination দেখুন।

**আপনি যদি যোগ্য হন, তাহলে এখনই আপনার শরৎকালীন COVID-19 ভ্যাক্সিন নিন - আজই একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করুন বা সাপ্তাহিক ওয়াক-ইন ভ্রাম্যমান টিকাদান কেন্দ্রগুলির একটিতে যান।**